গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য ও দুর্যোগ ব্যবস্হাপনা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৪ বৈশাখ, ১৪১৪

নং-খাদুব্যম/ত্রাক-৩/০৫/২০০৭-২২৫৬ তারিখ ঃ ----------------
০৭ মে, ২০০৭

পরিপত্র

বিষয় ঃ জি.আর ক্যাশ (নগদ অর্থ) বরাদ্দ/বন্টনের নীতিমালা।

কালবৈশাখী, ঘূর্ণিঝড়, অগ্নিকান্ড, বন্যা, ভূমিকম্প, নদীভাঙ্গন ইত্যাদি বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্তদের তাৎক্ষণিক সাহায্য হিসেবে খাদ্য ও দুর্যোগ ব্যবস্হাপনা মন্ত্রণালয়ের অর্থ বছরের বাজেট দুই বা ততোধিক কিস্তিতে মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের অনুকূলে ছাড় করবে। দেশের বিভিন্ন জেলার জেলা প্রশাসকগণের অনুকূলে থোক হিসেবে জি.আর. ক্যাশ (নগদ অর্থ) বরাদ্দ করা হয়ে থাকে। জেলা প্রশাসকগণ উক্ত থোক বরাদ্দ থেকে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্তদের তাৎক্ষণিক সাহায্য হিসেবে বরাদ্দকৃত জি.আর. ক্যাশ (নগদ অর্থ) নিম্নলিখিত নীতিমালা সমূহ অনুসরণ পূর্বক বরাদ্দ করবেন ঃ-

১। কালবৈশাখী/ঘূর্ণিঝড়/অগ্নিকান্ড/বন্য/নদীভাঙ্গন/জলোচ্ছ্বাস/ভূমিকম্প/বজ্রপাত/নৌকা/লঞ্চ/ট্রলার ডুবি/সড়ক দুর্ঘটনায় কোন ব্যক্তি অকাল মৃত্যুবরণ করলে এবং মৃত ব্যক্তির পরিবার অস্বচ্ছল হলে মৃত ব্যক্তির পরিবার প্রতি বিশেষ বিবেচনায় তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক (ক) সর্বোচ্চ ৳ ১০,০০০/-(দশ হাজার) টাকা থেকে ৳ ২০,০০০/-(বিশ হাজার) টাকা এবং (খ) আহত ব্যক্তির চিকিৎসার জন্য সর্বোচ্চ ৳ ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা বরাদ্দ করা যাবে।

২। প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠান, যেমন-স্কুল/কলেজ/মাদ্রাসা/এতিমখানা/মসজিদ/মন্দির/পাঠাগার ইত্যাদির জন্য এককালীন থোক বরাদ্দ থেকে কোন অর্থ বরাদ্দ করা যাবে না। তবে, জেলা প্রশাসকগণ চাহিদা মোতাবেক তা' যাচাই-বাছাইপূর্বক প্রতিষ্ঠান প্রতি সর্বোচ্চ ৳ ১০,০০০/-(দশ হাজার) টাকা নিম্নোক্ত পদ্ধতিতে জি.আর. ক্যাশ (নগদ অর্থ) বরাদ্দ প্রদান করবেন ঃ-

(ক) দরখাস্তটি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক সুপারিশকৃত হতে হবে ;

(খ) আবেদনে অবশ্যই প্রতিষ্ঠানের প্রকৃত ক্ষয়ক্ষতির সঠিক বিবরণ/তথ্যাদি উল্লেখ করতে হবে ;

(গ) প্রতিষ্ঠানটি অবশ্যই যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধনকৃত হতে হবে ;

(ঘ) জি.আর. ক্যাশ (নগদ অর্থ) মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর সরাসরি সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর থোক বরাদ্দ হিসেবে বরাদ্দ দেবেন। জেলা প্রশাসক সংশ্লিষ্ট জেলার মধ্যে উপরোক্ত নীতিমালা অনুসরণ করে প্রকৃত দুঃস্থদের/ আবেদনকারীদের মধ্যে জি.আর. ক্যাশ (নগদ অর্থ) বিতরণ করে বিভাগীয় কমিশনার ও মহাপরিচালককে অবহিত করবেন।

(ঙ) প্রত্যেক বিভাগীয় কমিশনার তার অধীনস্থ জেলাসমূহে জি.আর. ক্যাশ (নগদ অর্থ) বিতরণ সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত তদারকী কর্তৃপক্ষ (Supervisory Authority) হিসেবে দায়িত্ব পালন করবেন।

(চ) মন্ত্রণালয়ের অনুমতি সাপেক্ষে মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর কোন বিশেষ প্রয়োজনে বন্যা, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি কারণে কোন জেলার অনুকূলে বরাদ্দকৃত জি.আর. ক্যাশ (নগদ অর্থ) জেলা হতে প্রত্যাহার করে বন্যা, ঘূর্ণিঝড়, প্রাকৃতিক দুর্যোগ কবলিত জেলার অনুকূলে পুনঃ বরাদ্দ দিতে পারবেন।

৩। উপরোক্ত ১, ২ ও ৩ নং অনুচ্ছেদে বর্ণিত আবেদনপত্র সমূহে উপস্হাপিত তথ্যাদি অসত্য প্রমাণিত হলে আবেদনকারীর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্হা গ্রহণ করা হবে।

৪। জি.আর. ক্যাশ (নগদ অর্থ) বরাদ্দের পূর্বে সংশ্লিষ্ট জেলা প্রশাসক দরখাস্তের তথ্য-উপাত্তের যথার্থতা যাচাই করবেন। ভুল তথ্য পরিবেশনের কারণে বরাদ্দের পরও জেলা প্রশাসক সংশ্লিষ্টদের অবহিত রেখে বরাদ্দ বাতিল করবেন।

৫। খাদ্য ও দুর্যোগ ব্যবস্হাপনা মন্ত্রণালয় হতে থোক বরাদ্দ প্রাপ্তির পর ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর থেকে জি.আর. ক্যাশ (নগদ অর্থ) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার অনুকূলে মঞ্জুরী আদেশ জারী করার পর মঞ্জুরী আদেশের একটি কপি সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর সঙ্গে সঙ্গে ফ্যাক্স করবে। জেলা প্রশাসক উক্ত ফ্যাক্সের বিষয় নিশ্চিত হয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

৬। জেলা প্রশাসকের অনুকূলে থোক বরাদ্দকৃত জি.আর. ক্যাশ (নগদ অর্থ) নিঃশেষ হয়ে গেলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরকে পুনর্ভরণের জন্য অনুরোধ জানাবেন। মহাপরিচালক চাহিদার যথার্থতা/গুরুত্ব/পূর্বে খরচের সঠিকতা ইত্যাদিসহ মজুদ বিবেচনায় থোক বরাদ্দ প্রদান করবে। বরাদ্দকৃত জি.আর ক্যাশ (নগদ অর্থ) যথাযথ ব্যবহার হচ্ছে কিনা তা' মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর নিয়মিত মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করবেন। জেলা প্রশাসককে প্রদত্ত জি.আর ক্যাশ এর যে কোন অপচয়, অনিয়ম রোধে সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জেলা প্রশাসক ও মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন।

৭। মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর হতে জেলা প্রশাসকগণের নিকট সরকারী মঞ্জুরী আদেশ জারী করবেন এবং হিসাব সংরক্ষণ করবেন। মঞ্জুরী আদেশের একটি কপি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

৮। অব্যয়িত জি.আর. ক্যাশ (নগদ অর্থ) ৩০শে জুনের অব্যবহিত পরেই যথানিয়মে সরকারী কোষাগারে জমা/সমর্পণ করতে হবে। কোন অবস্হাতেই এক অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ পরবর্তী অর্থ বছরে ব্যয় করা যাবে না।

৯। এ আদেশ/পরিপত্র অবিলম্বে কার্যকর হবে এবং পূর্বের জারীকৃত আদেশ/পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
০৭/০৫/২০০৭
(মোহছেনা ফেরদৌসী)
যুগ্ম-সচিব(দুঃব্যঃ)।

নং-খাদুব্যম/ত্রাক-৩/০৫/২০০৭-২২৫৬/১(৯১৫)　　　　　　　　　　　　　　　　　　　　তারিখ ঃ ০৭/০৫/২০০৭

বিতরণ ঃ অবগতি ও কার্যার্থে ঃ

১।　মন্ত্রিপরিষদ সচিব/প্রধান উপদেষ্টার মূখ্য সচিব ।
২।　সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ।
৩।　বিভাগীয় কমিশনার (সকল)
৪।　মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্হাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ৯২-৯৩, মহাখালী, ঢাকা ।
৫।　জেলা প্রশাসক .... (সকল) ।
৬।　মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্হাপনা মন্ত্রণালয় ।
৭।　মাননীয় মেয়র এর একান্ত সচিব, ... (সকল) ।
৮।　সচিব মহোদয়ের একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্হাপনা মন্ত্রণালয় ।
৯।　চেয়ারম্যান, পৌরসভা, ... (সকল) ।
১০।　উপজেলা নির্বাহী অফিসার, ... (সকল) ।
১১।　জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা .... (সকল) ।
১২।　যুগ্ম-সচিব(দুঃব্য)/উপ-সচিব (ত্রাক-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্হাপনা মন্ত্রণালয় ।

স্বাঃ/-
(মোঃ আমির হোসেন)
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-৩)